দৈনিক সংবাদ

তারিখ ...16 NOV 1988 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 8 ...

৩৮

042

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# ডিগ্রী (পাস) পরীক্ষা আজ থেকে শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১৫ই নভেম্বর।— আগামীকাল বৃহস্পতিবার থেকে

(শেষ পৃ: ৫-এর ক: দেখুন)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী (পাস) পরীক্ষা শুরু হচ্ছে অধিভুক্ত ১০৪টি কলেজের ৩৯ হাজার ১শ ৮ জন পরীক্ষার্থী এ বছর পরীক্ষায় অংশ নিচ্ছে। গতবারের ৮২টি কেন্দ্র কমিয়ে এবার ৫৭টি করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে, পরীক্ষায় নকল রোধে এবার কঠোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। যেকোন উপায়েই নকল বন্ধ করতে কর্তৃপক্ষ যাবতীয় ব্যবস্থা ইতিমধ্যে নিয়েছে।

## হরতাল প্রত্যাহার

এদিকে পরীক্ষা কেন্দ্র পুনর্বহালের দাবীতে ওমর গনি কলেজ ছাত্র সংসদ আহূত আগামীকালের অর্ধদিবস হরতাল প্রত্যাহার করা হয়েছে।

জেলা প্রশাসকের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আজ ওমর গনি কলেজের শিক্ষক, ছাত্র ও পরীক্ষার্থীদের এক বৈঠকে এই হরতাল প্রত্যাহারের ঘোষণা দেয়া হয়। কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী এই কলেজের ২৬শ পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা দেবে।